

চট্টগ্রামে ৩০,০০০ পিস ইয়াবাসহ ১ জন গ্রেফতার



অদ্য ২০/০৩/২০১৪ ইং তারিখ সময় রাত ২.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অতিরিক্ত পরিচালক জনাব গোলাম কিবরিয়ার নেতৃত্বে টেকনাফ থেকে চট্টগ্রাম অভিমুখী একটি মিনি ট্রাক (ট্রাক নং- মৌলভীবাজার-ড-১১-০০৪১) চট্টগ্রাম মহানগরী কর্ণফুলী থানাধীন মইজ্যারটেক এলাকাস্থ কর্ণফুলী সিএনজি এন্ড ফিলিং স্টেশনের সামনে থামিয়ে রাস্তার উপর তল্লাশী করে মিনি ট্রাকের ড্রাইভারের বাম পাশের সিটের পাদানিতে বিশেষ কায়দায় নির্মিত একটি গোপন চেম্বার থেকে ৩০,০০০ (ত্রিশ হাজার) পিস ওজন-০৩ (তিন) কেজি

ইয়াবাসহ নূরুল ইসলাম (৩২) নামীয় ০১ (এক) জন পেশাদার মাদক পাঁচারকারীকে গ্রেফতার করেছে এবং এ বিষয়ে পাঁচলাইশ সার্কেলের পরিদর্শক জনাব মোঃ জাকির হোসেন বাদী হয়ে কর্ণফুলী থানায় সংশ্লিষ্ট আইনে একটি মামলা দায়ের করেছে।

গ্রেফতারকৃত নূরুল ইসলাম (৩২) টেকনাফ থানাধীন হীলা, পূর্ব পানখালী (ওয়ার্ড নং-০৪) গ্রামস্থ সৈয়দ আহম্মদের পুত্র। জিজ্ঞাসাবাদে মোঃ নূরুল ইসলাম স্বীকার করে যে, সে একজন পেশাদার ইয়াবা পাঁচারকারী। সে নিজেই গাড়ী চালিয়ে এভাবে অভিনব কায়দায় টেকনাফ থেকে চট্টগ্রাম ও ঢাকায় ইয়াবার বড় বড় চালান পাচার করে থাকে।

এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের উপপরিচালক জনাব মুকুল জ্যোতি চাকমা জানিয়েছেন যে, আটককৃত ইয়াবা চালানোর সাথে আরো যারা সংশ্লিষ্ট তাদের নাম ঠিকানা জিজ্ঞাসাবাদে জানা গিয়েছে, মামলাটি তদন্ত চলছে এবং তদন্ত সাপেক্ষে তাদেরকে গ্রেফতার পূর্বক আইনানুগ ব্যবস্থা করা হবে। এ সংবাদটি আপনার মিডিয়ায় প্রচারের জন্য সর্বিনয়ে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত
(মুকুল জ্যোতি চাকমা)
উপপরিচালক
ফোনঃ- ০৩১-৭১১৮৫২
মোবাইলঃ- ০১৭১১-১০৫৭৩৯